



মানবানন্দ বন্দ্যোপাধ্যায়

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 5th Semester Examination, 2023

CC11-BENGALI

NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৩×৪ = ১২

- (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের শেষ উপন্যাস কোনটি? এটি কোন ধরনের উপন্যাস? এই উপন্যাসের সঙ্গে কোন গল্পের সংযোগ রয়েছে?
- (খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের তিনজন মাঝির নাম লেখো। তারা কোন গ্রামে বাস করতো?
- (গ) 'হাজার চুরাশির মা' উপন্যাসটির প্রকাশকাল লেখো। উপন্যাসটি কোন পটভূমিতে লেখা?
- (ঘ) 'চার অধ্যায়' উপন্যাসে ইন্দ্রনাথ কোলকাতায় মেয়েদের জন্য যে স্কুল প্রতিষ্ঠা করেছিলেন তার নাম কী? সেই স্কুলের কর্তৃপক্ষ ইন্দ্রনাথ কাকে দিয়েছিলেন? কর্তৃপক্ষ দেওয়ার পূর্বে তাঁকে দিয়ে কী প্রতিজ্ঞা করিয়েছিলেন?
- (ঙ) 'পদ্মানদীর মাঝি' সর্বপ্রথম কোথায় প্রকাশিত হয়? উপন্যাসটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? উপন্যাসটি মোট কয়টি পরিচ্ছেদে বিভক্ত?
- (চ) 'হাজার চুরাশির মা' উপন্যাসে ব্রতীর সঙ্গীদের নাম লেখো। তাদের মধ্যে টিম নিডার কে ছিল?

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

৬×৪ = ২৪

- (ক) 'চার অধ্যায়' উপন্যাসের কানাই গুপ্তের চায়ের দোকানটির বর্ণনা দাও।
- (খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিল্লা যে গানটি গেয়েছে সেই গানের প্রথম দু'টি পঙ্ক্তি লেখো। হোসেন মিল্লার গানটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) 'হাজার চুরাশির মা' উপন্যাসের ব্রতী চরিত্রটির স্বরূপ উন্মোচন করো।
- (ঘ) 'চার অধ্যায়' উপন্যাসটির নাট্যাংশ আলোচনা করো।
- (ঙ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে কুবেরের পত্নীর নাম কী? চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (চ) 'হাজার চুরাশির মা' উপন্যাসে শ্রেণিচরিত্র হিসেবে দিব্যানাথের সার্থকতা বিচার করো।



বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:

১২×২ = ২৪

- (ক) 'চার অধ্যায়' উপন্যাসের প্রেক্ষাপটে রাজনীতি থাকলেও এলা-অতীনের প্রেমই উপন্যাসটির প্রধানতম আকর্ষণ — আলোচনা করো।
- (খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটির নায়ক কে? যুক্তিসঙ্গত আলোচনা করো।
- (গ) মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলে জীবনের যে পরিচয় বিবৃত হয়েছে তা লিপিবদ্ধ করো।
- (ঘ) 'হাজার চুরাশির মা' উপন্যাসের নামকরণ বিষয়ে আলোচনা করো।

—X—